

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭০৮

১/ বিবিধ

আরবী

ما من أحد يلبس ثوباً ليباهاي به، لينظر الناس إلية، لم ينظر الله إلية حتى ينزعه  
ضعيف جداً

أخرجه تمام في "الفوائد" (125 / 1) وكذا الطبراني في "الكبير" (23 / 283 / 618) من طريق عبد الخالق بن زيد بن واقد عن أبيه عن محمد بن عبد الملك بن مروان عن أبيه عن أم سلمة عن النبي صلى الله عليه وسلم قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جداً، وفيه علتان: الأولى: عبد الملك بن مروان الخليفة الأموي، قال الذهبي في "الميزان": "أنى له العدالة وقد سفك الدماء وفعل الأفاعيل؟!". وقال الحافظ في "التقريب": "كان طالب علم قبل الخلافة، ثم اشتغل بها، فتغير حاله، ملك ثلاث عشرة سنة استقللاً، وقبلها منازعاً لابن الزبير تسع سنين". والأخرى: عبد الخالق بن زيد. قال النسائي: "ليس بثقة". وقال البخاري: "منكر الحديث". والحديث أورده السيوطي في "الجامع" من رواية الطبراني، فقال المناوي: "ضعفه المنذري. قال الهيثمي: فيه عبد الخالق بن زيد بن واقد وهو ضعيف. وبه عرف ما في رمز المؤلف لحسنه"

বাংলা

১৭০৮। যে ব্যক্তি এমন কাপড় পরিধান করবে যার দ্বারা সে অহঙ্কার বশত তার দিকে মানুষের দৃষ্টি আকৃষ্ট করতে চায় আল্লাহ্ তা'য়ালা তার দিকে তাকাবেন না যে পর্যন্ত সে সেই কাপড়কে খুলে না ফেলবে।

## হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে তাম্মাম “আলফাওয়াইদ” গ্রন্থে (১/১২৫) অনুরূপভাবে তুবারানী “আলকাবীর” গ্রন্থে (২৩/২৮৩/৬১৮) আব্দুল খালেক ইবনু যায়েদ ইবনু অকেদ হতে, তিনি তার পিতা হতে, তিনি মুহাম্মাদ ইবনু আব্দুল মালেক ইবনু মারওয়ান হতে, তিনি তার পিতা হতে, তিনি উম্মু সালামাহ (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল দু'টি কারণেঃ

১। আব্দুল মালেক ইবনু মারওয়ান হচ্ছেন উমাবী খালীফা। হাফিয় যাহাবী “আলমীয়ান” গ্রন্থে বলেনঃ কিভাবে তার মধ্যে ইনসাফ থাকবে যে রক্ত প্রবাহিত করেছে এবং যে বহু কর্মের হোতা? তিনি খেলাফাতের পূর্বে ছাত্র ছিলেন। অতঃপর খেলাফাতের দায়িত্বে নিয়োজিত হন। অতঃপর তার অবস্থার পরিবর্তন ঘটে। তেরো বছর স্বাধীনভাবে বাদশা ছিলেন। তিনি নয় বছর আব্দুল্লাহ ইবনুয় যুবায়ের (রাঃ) এর সাথে বিবাদ করে বাদশাহীকে আঁকড়ে ছিলেন।

২। আর আব্দুল খালেক ইবনু যায়েদ সম্পর্কে ইমাম নাসাই বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

হাদীসটিকে সুযৃতী “আলজামে” গ্রন্থে তুবারানীর বর্ণনায় উল্লেখ করেছেন। আর মানবী বলেছেনঃ এটিকে মুনয়েরী দুর্বল আখ্যা দিয়েছেন। হাইসামী বলেনঃ এর মধ্যে আব্দুল খালেক ইবনু যায়েদ ইবনু অকেদ রয়েছেন যিনি দুর্বল।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72587>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন